জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
National Housing Authority
(গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়)

স্মারক নং-২৫.৩৮.০০০০.৩০২.১৮.০১৬.২২- ৭৭৬    তারিখঃ- ২৯।১২।২২

বিষয়ঃ তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে তথ্য অধিকার আইন অনুযায়ী অক্টোবর ২০২২ তারিখ হতে ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত নিম্নলিখিত ছক অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলোঃ

| ক্রমিকনং | আবেদনকারীর বিবরণ | নিষ্পত্তিকৃত | অনিষ্পত্তিকৃত | নিষ্পত্তির তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ নজরুল ইসলাম, স্টাফ রিপোর্টার, দৈনিক মুক্ত খবর, ১৪ পুরানা পল্টন (১০ম তলা), ঢাকা। | নিষ্পত্তি করা হয়েছে। | --- | ১৯/১২/২০২২ |
| ০২ | জনাব মাফুজুর রহমান গং এর পক্ষে কাজী মাসুদ আহম্মেদ, লেন-২, হালিশহর হাউজিং এস্টেট, চট্টগ্রাম। | নিষ্পত্তি করা হয়েছে। | | ১৪/১২/২০২২ |

সংযুক্তঃ

২৯/১২/২২

(মুহাম্মদ আসাদুজ্জামান)
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
জাতীয় গৃহায়ন কর্তপক্ষ
ফোন-২২৩৩৮৭৮৫৯
ই-মেইল- secretary@nha.gov.bd

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা-২)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। পিএ টু চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন, সেগুনবাগিচা, ঢাকা।
(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

ফরম-গ
[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৬ দ্রষ্টব্য]

বরাবর
জনাব মো. শাহজাহান আলী
সদস্য (প্রশাসন ও অর্থ) ও
দায়িত্বপ্রাপ্ত আপীল কর্তৃপক্ষ (আরটিআই),
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (জাগৃক)
গৃহায়ন ভবন, ৮২ সেগুনবাগিচা,
মাওলানা ভাষানী রোড, ঢাকা।
ফোন: ০২-৯৫৫৫৭৪৪
ই-মেইল: member_admin@nha.gov.bd

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সদস্য (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
গ্রহণের তারিখঃ
সময়ঃ
গ্রহণ নম্বরঃ
সদস্য (প্রঃ ও অঃ)

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর
গ্রহণের সময়: গ্রহণের তারিখ:
গ্রহণ নম্বর:
উপপরিচালক (প্র ও প্র) উপপরিচালক (অ ও হি)
উপস্থাপন করুন সর্বোচ্চ অগ্রাধিকার
ব্যবস্থা নিন অতি জরুরী
নথিতে দিন জরুরী
আলোচনা করুন সাধারণ
পরিচালক (প্রওঅ)

বিষয়ঃ তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (জাগৃক), গৃহায়ন ভবন, ৮২ সেগুনবাগিচা, মাওলানা ভাষানী রোড, ঢাকার নিকট থেকে তথ্য না পাওয়ায় আপীল আবেদন।

১। আপীলকারীর নাম ও ঠিকানা: মো: নজরুল ইসলাম, স্টাফ রিপোর্টার, দৈনিক মুক্তখবর, ১৪ পুরানা পল্টন (১০ম তলা), দার-উস-সালাম ভবন, ঢাকা-১০০০। মোবাইল: ০১৯১২১৯০৩০২, ই-মেইল: nazrul190302@gmail.com

২। আপীলের তারিখঃ ১৩/১১/২০২২ ইং

৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছেঃ- আমি আপীলকারী গত ১১/১০/২০২২ ইং তারিখ জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (জাগৃক), গৃহায়ন ভবন, ৮২ সেগুনবাগিচা, মাওলানা ভাষানী রোড, ঢাকার নিকট তথ্য প্রাপ্তির আবেদন করার পর অদ্যাবধি কোন তথ্য/আদেশ/নির্দেশ/জবাব প্রদান করা হয়নি। এজন্য আপীল করা হয়েছে।

৪। যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে তাহার নামসহ আদেশের বিবরনঃ গত ১১/১০/২০২২ ইং তারিখ জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (জাগৃক), গৃহায়ন ভবন, ৮২ সেগুনবাগিচা, মাওলানা ভাষানী রোড, ঢাকার নিকট তথ্য প্রাপ্তির আবেদন করার পর অদ্যাবধি কোন তথ্য/আদেশ/নির্দেশ/জবাব প্রদান করা হয়নি। এজন্য আপীল করা হয়েছে।

৫। আপীলের সংক্ষিপ্ত বিবরনঃ আমি আপীলকারী গত ১১/১০/২০২২ ইং তারিখ জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (জাগৃক), গৃহায়ন ভবন, ৮২ সেগুনবাগিচা, মাওলানা ভাষানী রোড, ঢাকার নিকট তথ্য অধিকার আইন ২০০৯ এর ৮(১) ধারার ভিত্তিতে নিম্নোক্ত তথ্য প্রাপ্তির অনুরোধ জানিয়েছিলাম:

সরকারী চাকুরী আইন ২০১৮ এর আওতাভূক্ত কর্মকর্তাগনের সরকারী কর্মচারী (আচরন) বিধিমালা, ১৯৭৯ অনুযায়ী সম্পদ বিবরনী দাখিল ও স্থাবর সম্পত্তি অর্জন বা বিক্রয় সংক্রান্ত বিধিসমূহের প্রয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রনালয়, শৃঙ্খলা - ৪ শাখার স্মারক নং ০৫.০০.০০০০.১৮৩. ০৬.০০৪.২১.১৮৯ তারিখ: ২৪/০৬/২০২১ খ্রি: মোতাবেক গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়কে নির্দেশনা প্রদান করা হয়েছে।

সরকারী কর্মচারী (আচরন) বিধিমালা ১৯৭৯ এর বিধি ১১, ১২ ও ১৩ তে সরকারী কর্মচারীগনের স্থাবর, অ- স্থাবর সম্পত্তি অর্জন, বিক্রয় এবং সম্পদ বিবরনী দাখিলের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

সুশাসন নিশ্চিতকল্পে প্রধানমন্ত্রী উল্লেখিত বিধিসমূহ কার্যকরভাবে কর্মকর্তাগন কর্তৃক অনুসরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রনালয়কে জোর নির্দেশ প্রদান করেছেন। সে মোতাবেক মন্ত্রনালয়গুলো তাদের আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তাগন কর্তৃক নির্ধারিত ফরম পূরন করত: প্রয়োজনীয় তথ্যাদী সংযুক্ত করে সম্পদ বিবরনী দাখিলের নির্দেশনা দিয়েছেন।

এমতাবস্থায়, উল্লেখিত নির্দেশনার আলোকে নিম্নলিখিত তথ্য আবশ্যক:-

(ক) কাজল চন্দ্র গুহ, অফিস সহায়ক, ভূমি উইং শাখা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (জাগৃক) এর নিজের নামে, স্ত্রীর নামে, ছেলে-মেয়ের নামে, পরিবারের অন্যান্য সদস্যদের নামে, শশুর কুলের আত্মীয় স্বজনের নামে এবং বেনামে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধিনে চাকুরীর শুরু হতে

বর্তমান পর্যন্ত যে সকল স্থাবর- অস্থাবর সম্পত্তি অর্জন বা বিক্রয় করেছেন তার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে দাখিলকৃত সম্পদ বিবরণীর সত্যায়িত ফটোকপি আবশ্যক।

(খ) কাজল চন্দ্র গুহ, অফিস সহায়ক, ভূমি উইং শাখা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (জাগৃক) যেসব শিক্ষাগত যোগ্যতার সনদপত্র দিয়ে চাকুরী নিয়েছেন সেসকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবশ্যক।

(গ) কাজল চন্দ্র গুহ, অফিস সহায়ক, ভূমি উইং শাখা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (জাগৃক), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধিনে চাকুরীর শুরু থেকে এ যাবৎকাল যে সকল শাখায় চাকুরী করেছেন তার চাকুরী সাল ও শাখার নাম উল্লেখপূর্বক তালিকার সত্যায়িত কপি আবশ্যক।

(ঘ) কাজল চন্দ্র গুহ, অফিস সহায়ক, ভূমি উইং শাখা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (জাগৃক) এর বিরুদ্ধে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধিনে চাকুরীর শুরু থেকে যতগুলো বিভাগীয় মামলা হয়েছে তার মধ্যে যে সকল বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হয়েছে সেই সকল মামলা এবং চূড়ান্ত রায়/সিদ্ধান্তের সত্যায়িত ফটোকপি আবশ্যক। আর যে সকল বিভাগীয় মামলা চলমান রয়েছে সেই সকল মামলার হালনাগাদ অগ্রগতি সম্পর্কিত তথ্য বিবরণীর সত্যায়িত কপি আবশ্যক।

৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারনঃ তথ্য অধিকার আইন ২০০৯ এর ৯(১) ধারা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নাগরিকদের কাছে তথ্য সরবরাহ/ প্রদানে বাধ্য করা হয়েছে কিন্তু গত ১১/১০/২০২২ ইং তারিখ জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (জাগৃক), গৃহায়ন ভবন, ৮২ সেগুনবাগিচা, মাওলানা ভাষানী রোড, ঢাকার নিকট তথ্য প্রাপ্তির আবেদন করার পর অদ্যাবধি কোন তথ্য/আদেশ/নির্দেশ/জবাব প্রদান করা হয়নি।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়ন কল্পে জারিকৃত তথ্য প্রকাশ ও প্রাপ্তি নির্দেশিকা ২০১৫ এর ১৩.২ অনুচ্ছেদ এর নির্দেশনা উপেক্ষা করা হয়েছে। যা উধ্বর্তন কর্তৃপক্ষের নির্দেশ লংঘনের পাশাপাশি তথ্য অধিকার আইন ২০০৯ এর ৮(১) এবং ৯(১) ধারার সুস্পষ্ট লংঘন এবং এ আইন অবমাননার সামিল বলে মনে করি।

৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তিঃ তথ্য অধিকার আইন ২০০৯ এর ৯(১) ধারা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নাগরিকদের কাছে তথ্য সরবরাহ/ প্রদানে বাধ্য করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় গর্ভনেন্স ইনোভেশন ইউনিট থেকে জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির হ্যান্ড বুকের ৪১ পৃষ্ঠায় উল্লেখিত সেবা সমূহের তালিকার ১১৯ নম্বরে তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় জনগনের চাহিত তথ্য প্রদান বিষয়ে বলা আছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যেহেতু তথ্য অধিকার আইন ২০০৯ এর অধিনে চাহিত তথ্য সরবরাহ করেননি সেহেতু প্রধানমন্ত্রীর কার্যালয় গর্ভনেন্স ইনোভেশন ইউনিট থেকে জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির হ্যান্ড বুকের ৪১ পৃষ্ঠায় উল্লেখিত সেবা সমূহের তালিকার ১১৯ নম্বর নির্দেশনার লংঙ্ঘন করেছেন।

সংবিধানের ৭(১) অনুচ্ছেদে বলা হয়েছে, প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ; এবং জনগণের পক্ষে সেই ক্ষমতার প্রয়োগ কেবল এই সংবিধানের অধীন ও কর্তৃত্বে কার্যকর হইবে। ২১(২) অনুচ্ছেদে বলা হয়েছে, "সকল সময়ে জনগনের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য"। বাংলাদেশের সংবিধানের ৩৯ অনুচ্ছেদ অনুসারে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকের অন্যতম মৌলিক অধিকার। তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য করা হলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এসকল বিষয়ের প্রতি গুরুত্বারোপ/তোয়াক্কা করেননি। একারনে তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের সরকারী/দাপ্তরিক আদেশ লংঙ্ঘন করে আবেদনকারী কর্তৃক চাহিত তথ্য সরবরাহ না করে বাংলাদেশ সংবিধানের ৭(১), ২১(২) এবং ৩৯ অনুচ্ছেদ এর লংঙ্ঘন করেছেন।

সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর অষ্টম অধ্যায়ে ২৬২(১) ও (২) সংখ্যক নির্দেশে নাগরিক গনের মতামত গ্রহন এবং অভিযোগসমূহ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সঙ্গে নিষ্পত্তি এবং সংরক্ষণের কার্যকর পদ্ধতি অনুসরণে অনুশাসন দেয়া হয়েছে। সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ৬৬ পৃষ্ঠার অষ্টম অধ্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতির ২৬৩ সংখ্যক নির্দেশনায় নাগরিক গনের তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণ বিষয়ে বলা হয়েছে, তথ্য অধিকার আইন,২০০৯ অনুসরণপূর্বক প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, সংস্থা ও ইহার আওতাভুক্ত অফিসসমূহ স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন করিবে এবং নাগরিকদের তথ্য প্রাপ্তি নিশ্চিত করিবে। সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর এ নির্দেশনা অনুসারে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫ জারি করে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেওয়া হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর অষ্টম অধ্যায়ে ২৬২(১) ও (২) এবং সেবা প্রদান প্রতিশ্রুতির ২৬৩ সংখ্যক নির্দেশনার প্রতি গুরুত্বারোপ না করে উর্ধ্বতন কর্তৃপক্ষের সরকারী/দাপ্তরিক আদেশ লংঙ্ঘন করে আবেদনকারী কর্তৃক চাহিত তথ্য সরবরাহ করেননি।

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ পরিমার্জিত ২০১৮ এর ৭.১.১ অনুচ্ছেদ অনুযায়ী নাগরিককে তার প্রাপ্য সেবা থেকে বঞ্চিত করন কিংবা তাঁকে সেবা প্রদানে অযৌক্তিকভাবে বিলম্বিতকরণ। ২ (গ) তে সরকারী দপ্তর অথবা আইনের আওতায় নিবন্ধিত সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রতিশ্রুত সেবা বা পণ্য এবং অথবা সেবা পদ্ধতি সম্পর্কে সেবা প্রত্যাশীদের অসন্তুষ্টি অথবা প্রদেয়/ প্রদত্ত সেবার সঙ্গে সম্পর্কিত বিধি বহির্ভূত কাজ অথবা সেবা প্রত্যাশীদের বৈধ অধিকার প্রদানে অস্বীকৃতির বিষয়টি অভিযোগ হিসেবে গন্য করা হয়েছে।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃপক্ষের সরকারী/দাপ্তরিক আদেশ মোতাবেক তথ্য অধিকার আইন ও বিধিমালা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে জারিকৃত তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫ এর নির্দেশনা যথাযথ ভাবে পালন পূর্বক আবেদনকারী কর্তৃক চাহিত তথ্য সরবরাহ না করে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ পরিমার্জিত ২০১৮ এর লংঙ্ঘন করেছেন।

তথ্য অধিকার আইন ২০০৯ এর ৮(১), ৯(১) এবং ২৪(১), (২), (৩), (৪) ধারা তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়ন কল্পে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে জারিকৃত তথ্য অবমুক্তকরন নির্দেশিকা ২০১৫ এর নির্দেশনা । সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর অনুশাসন ৩৯ (১) এবং (২) ক,খ, ও গ সংখ্যক নির্দেশনা এবং অষ্টম অধ্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতির ২৬৩ সংখ্যক নির্দেশনা। জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় জারীকৃত প্রজ্ঞাপনে সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহিতাদের সাথে আচরন ও সেবার বিষয়ে শুদ্ধাচার দেয়া হয়েছে। সংবিধানের ২১(২) অনুচ্ছেদে বলা হয়েছে, "সকল সময়ে জনগনের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য"। সচিবালয় নির্দেশ মালা, ২০১৪ এর অষ্টম অধ্যায়ে ২৬২(১) ও (২) সংখ্যক নির্দেশে নাগরিক গনের মতামত গ্রহন এবং অভিযোগ সমূহ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সঙ্গে নিষ্পত্তি এবং সংরক্ষণের কার্যকর পদ্ধতি অনুসরণে অনুশাসন দেয়া হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩৯ অনুচ্ছেদ অনুসারে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকের অন্যতম মৌলিক অধিকার। তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য করা হয়েছে। এছাড়া সরকারী চাকুরী আইন ২০১৮ এর ধারা-২৫ এর উপধারা- ১,২ এবং ৩, প্রধানমন্ত্রীর কার্যালয় গভর্নেন্স ইনোভেশন ইউনিট থেকে জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির হ্যান্ট বুকের সেবা সমূহের তালিকার ১১৯ নাম্বারে তথ্য অধিকার ২০০৯ এর আওতায় জনগনের চাহিত তথ্য প্রদানের নির্দেশনা এ সকল বিষয় হচ্ছে আমার এই আপীল আবেদনের যুক্তি/ভিত্তি ।

৮। আমি আপীলকারী মো. নজরুল ইসলাম এই মর্মে প্রত্যায়ন করছি যে, উপরে বর্নিত আমার সকল তথ্য সম্পূর্ণ সঠিক।

৯। অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মূখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষন করেনঃ (১) গত ১১/১০/২০২২ ইং তারিখের তথ্য প্রাপ্তির আবেদনপত্রের রিসিভ কপির ফটোকপি ।

অতএব, জনাব অত্র আপীল আবেদন মঞ্জুর পূর্বক জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (জাগৃক), গৃহায়ন ভবন, ৮২ সেগুনবাগিচা, মাওলানা ভাষানী রোড, ঢাকার বিরুদ্ধে তথ্য অধিকার আইন, ২০০৯ এর সংশ্লিষ্ট ধারা, উপধারা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়ন কল্পে জারিকৃত তথ্য অবমুক্তকরন নির্দেশিকা ২০১৫ এর নির্দেশনা । সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর অনুশাসন ৩৯ (১) এবং (২) ক, খ, ও গ সংখ্যক নির্দেশনা এবং অষ্টম অধ্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতির ২৬৩ সংখ্যক নির্দেশনা। জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় জারীকৃত প্রজ্ঞাপনে সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহিতাদের সাথে আচরন ও সেবার বিষয়ে শুদ্ধাচার, সরকারী চাকুরী আইন ২০১৮ এর ধারা ২৫ এর উপধারা ১, ২ ও ৩ এবং বাংলাদেশের সংবিধানের ৩৯ অনুচ্ছেদ এর লঙ্ঘনের অভিযোগ এনে বিভাগীয় মামলা দায়েরসহ চাহিত তথ্য সরবরাহের নির্দেশ প্রদান করতে আপনার একান্ত সু-মর্জি হয়।

সদয় অবগতি ও আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রদান করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, আগারগাওঁ, ঢাকা।
২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, সমন্বয় ও সংস্কার এবং সভাপতি তথ্য অধিকার বিষয়ক ওয়ার্কিং গ্রুপ (কেন্দ্রীয় পর্যায়), মন্ত্রীপরিষদ বিভাগ, সচিবালয়, ঢাকা।
৪। সচিব/প্রতিনিধি ও সদস্য তথ্য অধিকার বিষয়ক ওয়ার্কিং গ্রুপ (কেন্দ্রীয় পর্যায়), তথ্য মন্ত্রনালয়, সচিবালয়, ঢাকা।

আপীলের তারিখঃ ১৩/১১/২০২২ ইং

আপীলকারী
মো: নজরুল ইসলাম

মো: নজরুল ইসলাম
স্টাফ রিপোর্টার, দৈনিক মুক্তখবর
মোবাইল: ০১৯১২১৯০৩০২
ই-মেইল: nazrul190302@gmail.com

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২, সেগুনবাগিচা, ঢাকা।
www.nha.gov.bd

স্মারক নং-২৫.৩৮.০০০০.৩০২.১৮.০১৬.২২(২য় খন্ড)-৭৬২ তারিখঃ-২৭/১২/২০২২ খ্রিঃ।

**বিষয় ঃ** তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী জনাব মোঃ নজরুল ইসলাম, স্টাফ রিপোর্টার, দৈনিক মুক্তখবর, বার্তা ও বাণিজ্যিক কার্যালয়: ১৪ পুরানা পল্টন (১০ম তলা) দারউস সালাম ভবন, ঢাকা-১০০০ এর আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ নজরুল ইসলাম, স্টাফ রিপোর্টার, দৈনিক মুক্তখবর, বার্তা ও বাণিজ্যিক কার্যালয়: ১৪ পুরানা পল্টন (১০ম তলা) দারউস সালাম ভবন, ঢাকা-১০০০ তথ্য অধিকার আইন ২০০৯ এর ৮(১) ধারার ভিত্তিতে তথ্য প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

এমতাবস্থায়, তাঁর এখতিয়ারাধীন যাচিত তথ্য সর্বমোট ০৩ পাতার বিপরীতে ০২ টাকা হারে মোট ০৬/- (ছয়) টাকা মাত্র সরকারী ট্রেজারী চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে (কোড নং-১-৩৩০১-০০০১-১৮০৭) এ জমা প্রদান করে জমা রশিদ অত্র দপ্তরে দাখিল করায় তাঁর এখতিয়ারাধীন যাচিত তথ্য সংযুক্তি আকারে ফটোকপি এতদসঙ্গে নির্দেশক্রমে প্রদান করা হলো।

সংযুক্ত: বর্ননামতে।

(মুহাম্মদ আসাদুজ্জামান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
ফোন-৯৫৫৫২২১
ই-মেইল-director.ad.nha@gmail.com

প্রপাকঃ
জনাব মোঃ নজরুল ইসলাম
স্টাফ রিপোর্টার
দৈনিক মুক্তখবর
বার্তা ও বাণিজ্যিক কার্যালয়
১৪ পুরানা পল্টন (১০ম তলা) দারউস সালাম ভবন, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। পিএ টু চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

Tottho odhikar

**তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী** জনাব মোঃ নজরুল ইসলাম, স্টাফ রিপোর্টার, দৈনিক মুক্তখবর এর চাহিত তথ্য নিম্নে উপস্থাপন করা হলো:

| ক্রমিক নং | চাহিত তথ্য | চাহিত তথ্যের উত্তর |
|---|---|---|
| (ক) | জনাব কাজল চন্দ্রগুহ, তার স্ত্রী, ছেলে-মেয়ে এবং তাঁর শশুর কুলের আত্নিয় স্বজনের নামে ও বেনামে স্থাবর ও অস্থাবর সম্পত্তির তথ্য। | বাংলাদেশ গেজেট এর ধারা (৭) এর (জ) অনুচ্ছেদে উল্লেখ আছে যে, কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হইতে পারে এইরূপ তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয়। |
| (খ) | যেসব শিক্ষাগত যোগ্যতার সনদপত্র দিয়ে চাকুরী নিয়েছেন সে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি। | তৎকালীন এম এল এস এস পদে নিয়োগের সময়ে শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেনী পাশ চাওয়া হয় সে প্রেক্ষিতে তিনি এসএসসি পাশের সনদপত্র দাখিল করেন যা নথিতে রক্ষিত আছে (ফটোকপি সংযুক্ত)। |
| (গ) | চাকুরীর শুরু থেকে এ যাবৎকাল যে সকল শাখায় চাকুরী করেছেন তার চাকুরী সাল ও শাখার নাম। | ৩১/০১/২০১১ সাল হতে উপ-পরিচালক (ভূসব্য) মহোদয়ের দপ্তরে এমএলএসএস পদে কর্মরত আছেন (ফটোকপি সংযুক্ত)। |
| (ঘ) | চাকুরীর শুরু থেকে এ যাবৎকাল পর্যন্ত বিভাগীয় মামলার বিবরণ। | চাকুরীর শুরু থেকে এ যাবৎকাল পর্যন্ত তাঁর বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা নাই। |

পাঁচ টাকা বাংলাদেশ কোর্ট ফি

বরাবর,

চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুন বাগিচা, ঢাকা।

জাতীয় ...
সেগুন...
রিসিভ নম্বরঃ
☐ সদস্য (প্রশাসন ও অর্থ)
☐ সদস্য (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)
☐ সদস্য (প্রকৌশল ও সমন্বয়)
☐ সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প)
☐ সচিব ☐ আইন কর্মকর্তা
☐ একান্ত সচিব ☐ ব্যক্তিগত সহকারী

পরিচালক (প্র ও অ)

**বিষয় ঃ- মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক ৫ই এপ্রিল ২০০৯ তারিখে অনুমোদিত তথ্য আইন ২০০৯ এর ৮ ধারা মোতাবেক অনুযাযী নিম্নলিখিত তথ্য গুলি সঠিক জবাবসহ পত্র প্রাপ্তি প্রসঙ্গে।**

জনাব,

১। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ৭ম এবং ৯ম বোর্ড সভা আইন সম্মত ভাবে সম্পাদন হইয়াছে কি-না?

২। ৭ম ও ৯ম বোর্ড সভা চট্টগ্রাম হালিশহর হাউজিং এষ্টেট এর ব্যাপারে কি কি সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন তা লিখিতভাবে প্রাপ্তি অনুরোধ।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর

| | |
|---|---|
| গ্রহণের সময়: | গ্রহণের তারিখ: |
| গ্রহণ নম্বর: | |
| উপপরিচালক (প্র ও প্র) | উপপরিচালক (অ ও হি) |
| ☐ উপস্থাপন করুন | ☐ সর্বোচ্চ অগ্রাধিকার |
| ☐ ব্যবস্থা নিন | ☐ অতি জরুরী |
| ☐ নথিতে দিন | ☐ জরুরী |
| ☐ আলোচনা করুন | ☐ সাধারণ |

পরিচালক (প্রঃও অ)

তারিখ ঃ ২৯/১২/২০২২ ইং

বিনীত নিবেদক
মাফুজুর রহমান গং এর পক্ষে

২৯.১২.২০২২

(কাজী মাসুদ আহম্মেদ )
প্রযত্নে-(মোঃ শাহজাহান মিয়া)
লেন নং-২, হালিশহর হাউজিং এষ্টেট,
চট্টগ্রাম।
মোবা:-০১৯১৭-২০৭৭২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হইল।**

১। চেয়ারম্যান দূর্নীতি দমন কমিশন, ১নং সেগুন বাগিচা, ঢাকা।

২। সচিব, দূর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।

৩। অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক, পিবিআই, পিবিআই প্রধান কার্যালয়, ধানমন্ডি, ঢাকা।

চালান নং : ১১৬, ১১৮

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা)
এফ-৪/এ,আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা
ফ্যাক্সঃ ৯১১০৬৩৮
www.infocom.gov.bd

স্মারক নং-১৫.৫১.০০০০.৫০১.২৭.০৩.১০-৭২৩৭

তারিখ ঃ ২১ অগ্রহায়ণ ১৪২৪ / ০৬ ডিসেম্বর ২০১৭

**বিষয় ঃ তথ্য অধিকার আইন, বিধিমালা ও প্রবিধানমালার গেজেট সমন্বিত করে একটি পুস্তিকাকারে ছাপানোর অনুমতি প্রদান।**

সূত্র ঃ মানুষের জন্য ফাউন্ডেশন এর স্মারক নং- এমজেএফ-৪৮৫/১৭; তারিখ: ২১.১১.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার আইনের কার্যকর বাস্তবায়নকে তরান্বিত করতে এমজেএফ কর্তৃক তথ্য অধিকার আইন, ২০০৯; তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এবং তথ্য অধিকার বিষয়ক প্রবিধানমালা ও গেজেটসমূহের হুবহু অনুলিপি (Scanned Copy) সমন্বিত করে পুস্তিকাকারে প্রকাশের অনুমতি দেওয়া হলো। চূড়ান্ত প্রকাশনার পূর্বে পাণ্ডুলিপি তথ্য কমিশন কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে।

০৭/১২/১৭

(ভূঁইয়া মোঃ আতাউর রহমান)
পরিচালক (প্রশাসন)
তথ্য কমিশন
ফোনঃ ৮১৮১২২২

জনাব শাহীন আনাম
নির্বাহী পরিচালক
মানুষের জন্য ফাউন্ডেশন
বাড়ী নং-২২, রোড নং- ৪
ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন (প্রধান তথ্য কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। অফিস কপি।

P:\Common\Ahsan\New folder\Admin-2010-15\Office Letter-1.doc

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২, সেগুনবাগিচা, ঢাকা।
www.nha.gov.bd

স্মারক নং-২৫.৩৮.০০০০.৩০২.১৮.০১৬.২২(২য় খন্ড)-৭৫৭ তারিখঃ-১৪/১২/২০২২ খ্রিঃ।

বিষয় ঃ তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী জনাব মাফুজুর রহমান গং এর পক্ষে জনাব কাজী মাসুদ আহম্মেদ প্রযত্নে (মোঃ শাহজাহান মিয়া) ব্লক-এ, রোড-৪, লেন-২, হালিশহর হাইজিং এস্টেট, চট্টগ্রাম, মোবাইল নং-০১৯১৭২০৭৭২৩। তথ্য অধিকার আইন ২০০৯ এর ৮(১) ধারার ভিত্তিতে তথ্য প্রাপ্তির জন্য আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী জনাব মাফুজুর রহমান গং এর পক্ষে জনাব কাজী মাসুদ আহম্মেদ প্রযত্নে (মোঃ শাহজাহান মিয়া) ব্লক-এ, রোড-৪, লেন-২, হালিশহর হাইজিং এস্টেট, চট্টগ্রাম, মোবাইল নং-০১৯১৭২০৭৭২৩। তথ্য অধিকার আইন ২০০৯ এর ৮(১) ধারার ভিত্তিতে তথ্য প্রাপ্তির জন্য আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, তাঁর এখতিয়ারাধীন যাচিত তথ্য সর্বমোট ০৬ পাতার বিপরীতে ০২ টাকা হারে মোট ১২/- (বার) টাকা মাত্র সরকারী ট্রেজারী চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে (কোড নং-১-৩৩০১-০০০১-১৮০৭) এ জমা প্রদান করে জমা রশিদ অত্র দপ্তরে দাখিল করায় তাঁর এখতিয়ারাধীন যাচিত তথ্য সংযুক্তি আকারে ফটোকপি এতদসঙ্গে নির্দেশক্রমে প্রদান করা হলো।

সংযুক্ত: বর্ননামতে।

(মুহাম্মদ আসাদুজ্জামান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
ফোন-৯৫৫৫২২১
ই-মেইল-director.ad.nha@gmail.com

প্রাপকঃ
জনাব মাফুজুর রহমান গং এর পক্ষে
জনাব কাজী মাসুদ আহম্মেদ
প্রযত্নে (মোঃ শাহজাহান মিয়া)
ব্লক-এ, রোড-৪, লেন-২, হালিশহর হাইজিং এস্টেট, চট্টগ্রাম।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। পিএ টু চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)